

স্মারক নং- ইআবি/পরি/অধি-নবা/২০১৬/৯৭৩৬

তারিখঃ ১২ কার্তিক, ১৪২৮ বঙ্গাব্দ
২৮ অক্টোবর, ২০২১ খ্রিস্টাব্দ


অফিস আদেশ

গলেহাট ফাজিল মাদরাসা, সদর, পঞ্চগড় এর ফাজিল (স্নাতক) স্তর অধিভুক্তি নবায়নের বিষয়ে অধ্যক্ষের আবেদনের প্রেক্ষিতে কোভিড-১৯ মহামারীর কারণে উদ্ভূত পরিস্থিতিতে সরজমিনে পরিদর্শন করা সম্ভব না হওয়ায় অধিভুক্তি কমিটির ৭ম সভার সুপারিশ আলোকে আবেদনের তথ্য ও উপাত্তের ভিত্তিতে উপাচার্য মহোদয়ের অনুমোদনক্রমে মাদরাসাটির ফাজিল (স্নাতক) স্তর নিম্নবর্ণিত শর্তে ০৪.০৫.২০২১ খ্রিঃ তারিখ থেকে ০৩.০৪.২০২৩ খ্রিঃ তারিখ পর্যন্ত ০২ (দুই) বছরের জন্য অধিভুক্তি নবায়ন করা হলো।

শর্তসমূহ :

১. শূন্যপদ সমূহে অনতিবিলম্বে নিয়োগের ব্যবস্থা করতে হবে।
২. শ্রেণিকক্ষে মূল কিতাবের ব্যবহার নিশ্চিত করতে হবে এবং গাইড বই শ্রেণিকক্ষে আনয়ন নিষিদ্ধ করতে হবে।
৩. ছাত্র-ছাত্রীদেরকে ক্লাসমুখী করতে হবে। বিশেষ করে ফাজিল শ্রেণির ছাত্র-ছাত্রীদের ক্লাসমুখী করার জন্য কার্যকরী পদক্ষেপ গ্রহণ করতে হবে।
৪. ছাত্র-ছাত্রীদের বিভিন্ন বিষয়ের পাশাপাশি আরবি ও ইংরেজিতে দক্ষ করে গড়ে তুলতে হবে।
৫. ছাত্র-ছাত্রীদের টয়লেট যেন পরিষ্কার থাকে সে দিকে সজাগ দৃষ্টি রাখতে হবে।
৬. বঙ্গবন্ধু কর্ণারকে সমৃদ্ধ করার লক্ষ্যে বঙ্গবন্ধু ও মুক্তিযুদ্ধ বিষয়ক বই দিয়ে কর্ণার সাজাতে হবে।
৭. ছাত্র-ছাত্রীদের পোষাক ও আদব-আখলাকের প্রতি লক্ষ্য রাখতে হবে।
৮. নিয়মিত বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইট ভিজিট করতে হবে এবং মাদরাসা সম্পর্কিত সকল নোটিশ মাদরাসার নোটিশ বোর্ডে প্রদর্শন ও ফাইলে সংরক্ষণ করতে হবে।
৯. ফাইল নোটের মাধ্যমে ব্যাংকে লেনদেন করতে হবে।
১০. কলমনার ক্যাশবই যথাযথভাবে পূরণ করত: আয়-ব্যয়ের ভাউচার সংরক্ষণ করতে হবে।
১১. মাদরাসার ক্যাম্পাসকে পরিষ্কার পরিচ্ছন্ন ও ফুলগাছ লাগিয়ে দৃষ্টিনন্দন করতে হবে।
১২. মাদরাসার সাইনবোর্ড ও মাদরাসার প্যাডে বাংলা নামের পাশাপাশি আরবিতে মাদরাসার নাম এবং “ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় অধিভুক্ত” কথাটি লিখতে হবে।
১৩. অধিভুক্তির নবায়নের মেয়াদ উত্তীর্ণ হওয়ার কমপক্ষে ০৮ (আট) মাস পূর্বে নবায়নের জন্য আবেদন করতে হবে।

উপাচার্য মহোদয়ের নির্দেশক্রমে

 ২৪.১০.২০২১

অধ্যক্ষ,
গলেহাট ফাজিল মাদরাসা,
সদর, পঞ্চগড়।


ড. জাভেদ আহমাদ
সহকারী পরিদর্শক (অতিরিক্ত দায়িত্ব)
মাদরাসা পরিদর্শন দফতর

স্মারক নং- ইআবি/পরি/অধি-নবা/২০১৭/৯৭৩৬

তারিখঃ ১২ কার্তিক, ১৪২৮ বঙ্গাব্দ
২৮ অক্টোবর, ২০২১ খ্রিস্টাব্দ

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হলো :

১. মহাপরিচালক, মাদরাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা-১০০০।
২. চেয়ারম্যান, বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, বকশী বাজার, ঢাকা-১২১১।
৩. রেজিস্ট্রার, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা (একাডেমিক কাউন্সিল সভায় রিপোর্ট করার জন্য)।
৪. পি.এস টু ভিসি (দায়িত্বপ্রাপ্ত), উপাচার্য দফতর (উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য), ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা।
৫. আইসিটি বিভাগ, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
৬. সভাপতি, গলেহাট ফাজিল মাদরাসা, সদর, পঞ্চগড়।
৭. অফিস নথি।

 ২৪.১০.২০২১

মোঃ আবদুল হান্নান
সেকশন অফিসার

মাদরাসা পরিদর্শন দফতর
মোবাইলঃ ০১৮৪২-৮১৬৯২০

ইআবি/পরি/অধি-নবা/২০১৭/রংপুর/ফাইলনং-১১২

ই-মেইল: sabbir.iau.bd@gmail.com